# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৭০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن لغيره) وَعَنْهُ قَالَ: أَوْصَانِي رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَشْرِ كَلِمَاتٍ قَالَ: " لَا تُشْرِكْ بِاللهِ شَيْئًا وَإِنْ قُتِلْتَ وَحُرِّقْتَ، وَلَا تَعُقَّنَّ وَالِدَيْكَ، وَإِنْ أَمَرَاكَ أَنْ تَخْرُجَ مِنْ أَهْلِكَ وَمَالِكَ، وَلَا تَتْرُكَنَّ صَلَاةً مَكْتُوبَةً مُتَعَمِّدًا ؛ فَإِنَّ مَنْ تَرَكَ صَلَاةً مَكْتُوبَةً مُتَعَمِّدًا فَقَدْ بَرِئَتْ مِنْهُ ذِمَّةُ اللهِ، وَلَا تَشْرَبَنَّ خَمْرًا ؛ فَإِنَّهُ رَأْسُ كُلِّ فَاحِشَةٍ، وَإِيَّاكَ وَالْمَعْصِيَةَ ؛ فَإِنَّ بِالْمَعْصِيَةِ حَلَّ سَخَطُ اللهِ ، وَإِيَّاكَ وَالْفِرَارَ مِنَ الزَّحْفِ وَإِنْ هَلَكَ النَّاسُ، وَإِذَا أَصَابَ النَّاسَ مُوتَ فَاثْبُتْ وَأَنْفِقْ عَلَى أَهْلِكَ مِنْ طَوْلِكَ، وَلَا تَرْفَعْ عَنْهُمْ عَصَاكَ أدبا ، وَأَخِفْهُمْ فِي اللَّهِ. رواه أحمد والطبراني في الكبير

বাংলা

৫৭০. (হাসান লি গাইরিহী) মুআ'য বিন জাবাল (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে দশটি বিষয়ে নসীহত করেছেন। তিনি বলেছেনঃ

”(১) তুমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না- যদিও তোমাকে হত্যা করে ফেলা হয় বা আগুনে পুড়িয়ে ফেলা হয়। (২) পিতা-মাতার অবাধ্য হবে না- যদিও তারা তোমাকে তোমার পরিবার ও সম্পদ থেকে বের হয়ে যাওয়ার নির্দেশ দেয়। (৩) ইচ্ছাকৃতভাবে কোন ফরয নামায পরিত্যাগ করবে না। কেননা যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ফরয নামায পরিত্যাগ করবে, তার থেকে আল্লাহর জিম্মাদারী মুক্ত হয়ে যাবে। (৪) মদ্যপান করবে না। কেননা উহা সকল অশ্লীলতার মূল। (৫) সাবধান গুনাহের কাজে লিপ্ত হবে না। কেননা নাফরমানীর কাজে লিপ্ত হলে আল্লাহর ক্রোধ নেমে আসে। (৬) সাবধান যুদ্ধের ময়দান থেকে পলায়ন করবে না- যদিও সমস্ত মানুষ ধ্বংস হয়ে যায়। (৭) মানুষ যদি মহামারিতে পতিত হয়, তুমি দৃঢ়পদ থাকবে। (৮) বদান্যতার সাথে পরিবারের জন্য খরচ করবে। (৯) তাদেরকে আদব ও শিষ্টাচার শিক্ষার জন্য লাঠি নামিয়ে রাখবে না। (১০) তাদেরকে আল্লাহকে ভয় করতে শিখাবে।”

(ইমাম আহমাদ ৫/২৩৮ ও ত্বাবরানী [কাবীর গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন